২৫২
২১/৫/২৬

ডাইরী নং ২৭৭
তারিখঃ 18 JUN 2026
অতিরিক্ত সচিব/উন্নয়ন
অতিঃ সচিব (এপিডি/সিপিটি)
অতিঃ সচিব (প্রশাসন/বাঃবাঃ)
অতিঃ সচিব (শৃঙ্খলা/আইন)
অতিঃ সচিব (সওব্য/বিধি)
অতিঃ সচিব (সিআর/সংগঃওঅ্যা)
পি.এস
সিনিয়র সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
বাস্তবায়ন-২ অনুবিভাগ
বাস্তবায়ন-৮ শাখা
www.mof.gov.bd

নম্বর: ০৭.০০.০০০০.০০০.১৬৮.৯৯.০০০২.২৬-১২

তারিখ: ৪ আষাঢ় ১৪৩৩ / ১৮ জুন ২০২৬

বিষয়: **২৭ তম বিসিএস পরীক্ষা-২০০৫ এর মাধ্যমে ১ম পর্যায়ে সুপারিশপ্রাপ্তদের নিয়োগ প্রজ্ঞাপনের 'অনুচ্ছেদ-ছ' তে উল্লিখিত বেতন নির্ধারণ এবং পদসমতার ও আর্থিক সুবিধা, চাকরির ধারাবাহিকতা রক্ষা ও বেতন সংরক্ষণ সংক্রান্ত বিষয়ে স্পষ্টীকরণের মতামত।**

সূত্র: (১) জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং- ০৫.০০.০০০০.১৪৭.১১.০০৮.২৫-১২৪ তারিখ: ০১/০৪/২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, জনপ্রশাসন মন্ত্রণালয়ের গত ১৮/১২/২০২৫ খ্রি.তারিখের ০৫.০০.০০০০.১৪৭.১১.০০৮.২৫-৬৩৭ নং প্রজ্ঞাপনের মাধ্যমে ২৭ তম বিসিএস পরীক্ষা-২০০৫ এর ১ম পর্যায়ের ভাইভার ফলাফলের ভিত্তিতে বিভিন্ন ক্যাডারে নিয়োগের জন্য সুপারিশপ্রাপ্ত ৬৭৩ জনের মধ্য থেকে ৫৬৯ জনের চাকরিকাল গণনা, বেতন নির্ধারণ ও পদসমতা, চাকরির ধারাবাহিকতাসহ প্রজ্ঞাপনের অনুচ্ছেদ "ছ" এর বিষয়ে অর্থ বিভাগের মতামত নিম্নরূপ:

**৩.১। চাকুরিতে যোগদান কার্যকরের তারিখ নির্ধারণ:**

জনপ্রশাসন মন্ত্রণালয়ের গত ১৮/১২/২০২৫ খ্রি. তারিখের ৬৩৭ নং প্রজ্ঞাপনে বিসিএস ২৭তম ব্যাচের ১ম ভাইভার ফলাফলের ভিত্তিতে নিয়োগকৃত কর্মকর্তাগণের প্রকৃত যোগদানের তারিখ গত ০১/০১/২০২৬ খ্রি. তারিখ নির্দিষ্ট ছিল। অপরদিকে ২য় ভাইভার ফলাফলের ভিত্তিতে নিয়োগপ্রাপ্ত এ ব্যাচের কর্মকর্তাগণ তাদের অনুকূলে জারিকৃত নিয়োগ প্রজ্ঞাপন অনুসারে গত ১০/১১/২০০৮ খ্রি. থেকে গত ৩০/১১/২০০৮ খ্রি. তারিখ পর্যন্ত সময়ের মধ্যে বিভিন্ন তারিখে যোগদান করেন। এরূপ আরও কয়েকটি প্রজ্ঞাপনে নির্ধারিত সময়ের ব্যাপ্তির মধ্যে যোগদান করার নির্দেশনা ছিল। সে বিবেচনায় ১ম ভাইভার ফলাফলের ভিত্তিতে গত ০১/০১/২০২৬ খ্রি. তারিখে যোগদানকৃত ২৭তম বিসিএস এর কর্মকর্তাগণের যোগদান কার্যকরের একটি সুনির্দিষ্ট তারিখ নির্ধারণ হওয়া প্রয়োজন, যা নিম্নরূপে নির্ধারণ করা যেতে পারে:

গত ১৮/১২/২০২৫ খ্রি. তারিখের ৬৩৭ নং প্রজ্ঞাপনের আওতায় ১ম ভাইভার ফলাফলের ভিত্তিতে গত ০১ জানুয়ারি, ২০২৬ তারিখে যোগদানকৃত কর্মকর্তাগণের যোগদান কার্যকরের তারিখ হবে ২য় ভাইভার ভিত্তিতে নিয়োগকৃত কর্মকর্তাদের যোগদানের জন্য নির্ধারিত সময়সীমার শেষ তারিখ অর্থাৎ গত ৩০ নভেম্বর ২০০৮ তারিখ অথবা জনপ্রশাসন মন্ত্রণালয় যে তারিখ নির্ধারণ করবে সেই তারিখ।

**৩.২। চাকুরিকাল গণনা, চাকরির ধারাবাহিকতা রক্ষা ও বেতন সংরক্ষণ:**

(i) যে সকল কর্মকর্তা গত ১০/১১/২০০৮ খ্রি. তারিখের পূর্বে একই পর্যায়ের (৯ম গ্রেড) বেতনে/সমবেতনে সরকারি চাকুরিতে কর্মরত ছিলেন এবং যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করাসহ বেতন সংরক্ষণের শর্তাদি প্রতিপালন করেছেন, তাদের ক্ষেত্রে বিএসআর (১ম খন্ড) এর ৪২ (২) বিধি অনুসারে বেতন সংরক্ষণের সুবিধাপ্রাপ্ত হবেন। তবে তাদের চাকরিকাল শুধু পেনশনের জন্য গণনাযোগ্য হবে।

(ii) গত ১০/১১/২০০৮ খ্রি. তারিখের পূর্বে এডহক ভিত্তিতে নিয়োগকৃত, প্রকল্পের আওতায় ও বিশেষভাবে নিয়োগকৃতদের ক্ষেত্রে তাদের পূর্বের চাকুরি যথাযথ বিধি-বিধান অনুসরণ করে স্থায়ীকরণ, রাজস্বখাতে নিয়মিতকরণ ও চাকরি সন্তোষজনক হয়ে থাকলে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করাসহ বেতন সংরক্ষণের শর্তাদি প্রতিপালন করে থাকলে এবং ৯ম গ্রেডের সমবেতনে থাকলে তাদের চাকরি স্থায়ীকরণের তারিখ থেকে চাকরিকাল গণনা করতে হবে। এছাড়াও ৯ম গ্রেডে যোগদানের তারিখ থেকে বেতন সংরক্ষণের সুবিধাও প্রাপ্য হবেন। চাকুরিকাল গণনা শুধু পেনশনের হিসাবের জন্য প্রযোজ্য হবে।

(iii) নন-ক্যাডারের ৯ম গ্রেডের নিম্নতর গ্রেডে যারা গত ১০/১১/২০০৮ খ্রি. তারিখের পূর্বে সরকারি চাকুরীতে কর্মরত ছিলেন তাদের ক্ষেত্রে শুধু পেনশনের জন্য চাকুরীকাল গণনা হবে, বেতন সংরক্ষণ প্রযোজ্য হবে না।

(iv) উক্ত ৩ টি ক্ষেত্রের কোনটিতেই উক্ত কর্মকর্তাগণ গত ০১/০১/২০২৬ খ্রি. তারিখের পূর্বের কোন বকেয়া আর্থিক সুবিধা প্রাপ্য হবেন না।

২২৬৪
২১/৫/২৬

৩.৩। **বেতন নির্ধারণ:**
জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক গত ১৮/১২/২০২৫ খ্রি. তারিখের ৬৩৭ নং প্রজ্ঞাপন মূলে ২৭ তম বিসিএস পরীক্ষা- ২০০৫ এর (১ম ভাইভার ফলাফলের ভিত্তিতে) গত ০১/০১/২০২৬ খ্রি. তারিখে যোগদানকারী কর্মকর্তাগণের ক্ষেত্রে নিম্নরূপে মূল বেতন নির্ধারণ করা যেতে পারে:

৩.৩.১।

(i) বিসিএস ২৭ ব্যাচের (১ম ভাইভার ফলাফলের ভিত্তিতে) কর্মকর্তাগণের জন্য প্রযোজ্য ক্ষেত্রে ৩০ জুন ২০০৯ পর্যন্ত জাতীয় বেতনস্কেল ২০০৫, ১ জুলাই ২০০৯ থেকে ৩০ জুন ২০১৫ পর্যন্ত জাতীয় বেতনস্কেল ২০০৯ ও ১ জুলাই ২০১৫ থেকে জাতীয় বেতনস্কেল ২০১৫ বিবেচনা করে বার্ষিক ইনক্রিমেন্ট গণনা করা;

(ii) উক্ত কর্মকর্তাদের (১ম ভাইভার ফলাফলের ভিত্তিতে) যোগদানের তারিখ হিসেবে ৩০/১১/২০০৮ তারিখ অথবা জনপ্রশাসন মন্ত্রণালয় যে তারিখ নির্ধারণ করবে সে তারিখ থেকে গত ৩১/১২/২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত বাৎসরিক ইনক্রিমেন্ট হিসেবে নিয়ে নবম গ্রেডে মূল বেতন নির্ধারণ করা যেতে পারে।

(iii) উপর্যুক্ত ইনক্রিমেন্ট গণনা শুধু প্রকৃত যোগদানের তারিখে (০১/০১/২০২৬) মূল বেতন নির্ধারণের জন্য বিবেচ্য হবে। তবে এক্ষেত্রে কর্মকর্তাগণ তাদের প্রকৃত যোগদানের (০১/০১/২০২৬) তারিখের পূর্বের কোন বকেয়া আর্থিক সুবিধা প্রাপ্য হবেন না।

৩.৩.২। গত ৩০/১১/২০০৮ খ্রি. তারিখের পূর্বে যারা ক্যাডার/নন-ক্যাডার/অন্যান্য সরকারি চাকুরিতে কর্মরত ছিলেন, তাদের বেতন নির্ধারণের ক্ষেত্রে প্রাপ্যতা থাকলে ৩.২ অনুযায়ী বেতন সংরক্ষণের সুবিধাসহ ৩.৩.১ অনুযায়ী বেতন নির্ধারণ করতে হবে।

৩.৪। **স্থায়ীকরণ এবং যোগ্যতা সংরক্ষণ:**
গত ০১/০১/২০২৬ খ্রি. তারিখে যোগদানের পূর্বের ক্যাডার ভিত্তিক চাকুরির স্থায়ীকরণের পূর্ব শর্তসমূহ অর্জন করে থাকলে এবং পূর্বের ক্যাডার থেকে একই ক্যাডারে গত ০১/০১/২০২৬ খ্রি. তারিখে যোগদান করে থাকলে সংশ্লিষ্ট ক্যাডারের জন্য তার ক্ষেত্রে অর্জিত যোগ্যতা সংরক্ষণ করা যেতে পারে।

৩.৫। **পদসমতা:**

পদসমতার বিষয়ে পদসোপানভিত্তিক সরকারের বিদ্যমান বিধি/বিধান এর আলোকে জনপ্রশাসন মন্ত্রণালয় ব্যবস্থা গ্রহণ করতে পারে।

৩.৬। জনপ্রশাসন মন্ত্রণালয়ের গত ১৮ ডিসেম্বর ২০২৫ তারিখের ০৫.০০.০০০০.১৪৭.১১.০০৮.২৫-৬৩৭ নম্বর প্রজ্ঞাপনসহ পরবর্তীতে এ সংশ্লিষ্ট অন্যান্য প্রজ্ঞাপনে উল্লিখিত সকল শর্ত পরিপালন করতে হবে।

২৮/০৬/2026

(মো: মুসফিকুল আলম হালিম)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৫৫১০০১৮৪

সিনিয়র সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়।
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি:
১। সচিবের একান্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
২। অতিরিক্ত সচিব (প্রবা) এর ব্যক্তিগত কর্মকর্তা।
৩। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
নবনিয়োগ শাখা
www.mopa.gov.bd

নম্বর : ০৫.০০.০০০০.১৪৭.১১.০০৮.২৫-২৮০

তারিখ: ১০ আষাঢ় ১৪৩৩ / ২৪ জুন ২০২৬

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৮ ডিসেম্বর ২০২৫ তারিখের ০৫.০০.০০০০.১৪৭.১১.০০৮.২৫-৬৩৭ নং প্রজ্ঞাপনমূলে যোগদানকৃত কর্মকর্তাগণের যোগদান কার্যকরের তারিখ হিসেবে (প্রযোজ্য ক্ষেত্রে) ১০ নভেম্বর ২০০৮ তারিখ নির্ধারণপূর্বক সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

২৪/০৬/২০২৬

সাবিহা ফাতেমাতুজ্-জোহ্‌রা
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ০২২২৩৩৫৪০০৭
ইমেইল: napp@mopa.gov.bd

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়);

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়;
২। কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল, বাংলাদেশ;
৩। সিনিয়র সচিব/সচিব ............................................ মন্ত্রণালয়/বিভাগ;
৪। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৫। অতিরিক্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়;
৬। অতিরিক্ত সচিব (এপিডি/প্রশাসন/স ও ব্য/ সিপিটি/শৃংখলা ও তদন্ত/আইন/বিধি/সংস্কার ও গবেষণা), জনপ্রশাসন মন্ত্রণালয়;
৭। বিভাগীয় কমিশনার (সকল);
৮। জেলা প্রশাসক (সকল);
৯। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা,..........................................মন্ত্রণালয়/বিভাগ (সকল);
১০। বিভাগীয় হিসাবরক্ষণ কর্মকর্তা,.......................................... (সকল বিভাগ);
১১। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা,..........................................(সকল জেলা);
১২। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা,......................................(সকল উপজেলা);
১৩। সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
১৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, লোক প্রশাসন কম্পিউটার কেন্দ্র, জনপ্রশাসন মন্ত্রণালয় (জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রদর্শনের জন্য অনুরোধ করা হলো);
১৫। জনসংযোগ কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়;
১৬। জনাব/বেগম ..................................................................।